

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



তাগিদপত্র

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৮.৩১.০০১.১৮.১০৬

তারিখ: ৩ জ্যৈষ্ঠ ১৪২৮

১৭ মে ২০২১

বিষয়: বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য এবং ড্রেজারার -এর শূন্য পদ পূরণ সংক্রান্ত।

- সূত্র: (১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৮.৩১.০০১.১৮.১১০; তারিখ: ২৩.৮.২০২০
(২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৮.৩১.০০১.১৮.১৬০; তারিখ: ২৯.৯.২০২০
(৩) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৮.৩১.০০১.১৮.১০; তারিখ: ০৭.০১.২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য এবং ড্রেজারার এর শূন্য পদ পূরণের লক্ষ্যে প্যানেল প্রস্তাব প্রেরণের জন্য সূত্রোক্ত ১নং স্মারকে ইত:পূর্বে অনুরোধ করা হয়। পরবর্তীতে সূত্রোক্ত ২ ও ৩ নং স্মারকে তাগিদ পত্র প্রেরণ করা হয়। কিন্তু অধিকাংশ বিশ্ববিদ্যালয় থেকে অদ্যাবধি প্রস্তাব পাওয়া যায়নি। ফলে বিশ্ববিদ্যালয়সমূহের একাডেমিক, প্রশাসনিক ও সাধারণ ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম ব্যাহত হচ্ছে মর্মে প্রতীয়মান হয়।

২.০ বর্ণিতাবস্থায়, বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য এবং ড্রেজারার এর শূন্য পদ পূরণের লক্ষ্যে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুসারে প্রতিটি পদের বিপরীতে ০৩ (তিন) জনের প্যানেল প্রস্তাব প্রস্তুতপূর্বক আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, উক্ত তারিখের মধ্যে প্রস্তাব পাওয়া না গেলে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩.০ বিষয়টি অতীব জরুরি।

১৭-৫-২০২১

শামিমা বেগম

উপসচিব

চেয়ারম্যান

বোর্ড অব ট্রাস্টিজ

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৮.৩১.০০১.১৮.১০৬/১(৬)

তারিখ: ৩ জ্যৈষ্ঠ ১৪২৮

১৭ মে ২০২১

অনুলিপি:

১) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরেবাংলানগর, ঢাকা।

- ২) অতিরিক্ত সচিব, বিশ্ববিদ্যালয় অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫) সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।



১৭-৫-২০১১

শামিমা বেগম

উপসচিব